তারিখ ... 27. JUN. 2016 ..
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 8 ......

যুগান্তর

# অনলাইনে এসএসসি এইচএসসির মার্কশিট ঈদের পর

**যুগান্তর রিপোর্ট**

এসএসসি-এইচএসসি পরীক্ষায় শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক প্রাপ্ত নম্বর অনলাইনে দেয়ার সিদ্ধান্ত চূড়ান্ত করেছে বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের কমিটি। রোববার ঢাকায় এই কমিটির বৈঠক হয়।

বৈঠক শেষে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান যুগান্তরকে বলেন, আমরা এবারের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণদের থেকে প্রাপ্ত নম্বর জানানোর ব্যবস্থা করব। অনলাইনে প্রত্যেকের নম্বর থাকবে। সেখান থেকে তারা ডাউনলোড করে নিতে পারবে। তিনি আরও বলেন, অনেক আগেই এটা অনলাইনে দেয়ার কথা ছিল। কিন্তু মিটিংয়ের বিলম্বে তা হয়নি।

ঢাকা বোর্ডের একটি দায়িত্বশীল সূত্র জানিয়েছে, রোববার মার্কশিট অনলাইনে দেয়ার সিদ্ধান্ত হলেও তা দিতে আরও বিলম্ব হবে। ঈদের আগে এটি পাওয়ার সম্ভাবনা খুবই ক্ষীণ। বিভিন্ন বোর্ড এ ব্যাপারে প্রস্তুত থাকলেও টেলিটক এখনও প্রস্তুত নয়।